# 2022

## BENGALI

( Honours )

Paper : BEN–HC–1016

( প্রাগাধুনিক সাহিত্য পাঠ—১ )

Anandaram Dhekial Phookan College Library * Nagaon : Assam *
Acc. No. ..........
Date..........

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। বিকল্প সমন্বিত প্রশ্নের শুদ্ধ উত্তরটি নির্বাচন করো (যে কোনো দশটি) : ১×১০=১০

(ক) ''কাহেরে ঘিণি মেলি আচ্ছহু কীস''

পদটির পদকর্তা হলেন

(কাহ্ন/ভুসুকু/চাটিল/শবর)

(খ) ''বেঢ়িল ______ পড়অ চৌদীস।।''

শূন্যস্থানের সঠিক শব্দটি হল

(ডাক/পাক/হাক/মোক)

(গ) 'বাজণাব' শব্দের অন্তর্গত 'ণাব' শব্দের অর্থ হল

(নৌকা/নদী/খাল/মেঘ)

(ঘ) ''নিঅ ঘরিনী চণ্ডালে লেলী।।''

এই পংক্তিটি যে কবির পদে রয়েছে তাঁর নাম হল

(চাটিলপাদ/কাহ্নপাদ/লুইপাদ/ভুসুকুপাদ)

(ঙ) ''নিঘিণ কাহ্ন কাপালি জোই লাংগ।''

এখানে 'জোই' শব্দের অর্থ হল

(আগুন/যোগী/যুক্ত করা/মৃত)

(চ) ''তু লো ডোম্বী হাঁউ কপালী।''

পংক্তিটির অন্তর্গত 'তু' শব্দটি এসেছে সংস্কৃত যে শব্দ থেকে সেটি হল

(তম/ত্বম্ম/ত্বম/ত্বমা)

(ছ) ''ইহার মরণ হএ কমণ উপাএ।''

এখানে কার মৃত্যুর কথা বলা হচ্ছে?

(কৃষ্ণের/কংসের/ব্রহ্মার/নারদের)

(জ) ''খণে খণে হাসে বিণি কারণে।''

এখানে কবি বিনা কারণে কার হাসির কথা বলছেন?

(রাধার/বড়াইয়ের/নারদের/কৃষ্ণের)

(ঝ) ''যে হৈবক দৈবকীর গর্ভ _____।''

শূন্যস্থানের শব্দটি হল

(পঞ্চম/ষষ্ঠ/সপ্তম/অষ্টম)

Anandaram Dhekial Phookan College Library * Nagaon
Acc. No.
Date





(ঞ) ''নিয়োজিলী নানা পরকারে।
হাটে বাটে রাধা রাখিবারে।।''

হাটে বাটে নানা প্রকারে রাধাকে রক্ষা করার জন্যে কাকে নিয়োগ করা হয়েছিল?

(কৃষ্ণকে/কংসকে/নারদকে/বড়াইকে)

(ট) কোন্ তিথিতে কৃষ্ণের জন্ম হয়েছিল?

(সপ্তমী তিথি/অষ্টমী তিথি/নবমী তিথি/দশমী তিথি)

(ঠ) শ্রীকৃষ্ণের শরীরে রাজলক্ষণের সংখ্যা ছিল

(ত্রিশ/একত্রিশ/বত্রিশ/তেত্রিশ)

(ড) ''আজু রজনী হাম ভাগে পোহায়লুঁ''

পদটির পদকর্তা হলেন

(বিদ্যাপতি/চণ্ডীদাস/জ্ঞানদাস/গোবিন্দদাস)

(ঢ) ''সখি হে হামারি দুখের নাহি _____।''

শূন্যস্থানের শব্দটি হল

(সীমা/ভর/পথ/ওর)

(ণ) ''কুলিশ কত শত পাত-মোদিত''

এখানে 'কুলিশ' শব্দের অর্থ হল

(বজ্র/শর/ভেক/ময়ূর)

(ত) ''মন উটাচন নিশ্বাস সঘন''

এখানে কবি কার কথা বলেছেন?

(কৃষ্ণ/রাধা/বড়াই/মদন)

Anandaram Dhekial Phookan College Library *
Acc. No.
Date

(থ) ''হাথক দরপণ মাথক ফুল''

এই পদটি কোন্ পর্যায়ের অন্তর্ভুক্ত?

(পূর্বরাগ/অভিসার/মাথুর/ভাবোল্লাস)

(দ) বৈষ্ণব পদাবলীর পূর্বরাগ পর্যায়ের শ্রেষ্ঠ কবি হলেন

(জ্ঞানদাস/গোবিন্দদাস/বিদ্যাপতি/চণ্ডীদাস)

২। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ২×৫=১০

(ক) 'চর্যাপদ' কত খ্রিস্টাব্দে প্রথম মুদ্রিত বা প্রকাশিত হয়? এটি কোন্ প্রকাশনা সংস্থা থেকে প্রকাশিত হয়েছিল?

(খ) তোমার পঠিত 'চর্যাপদ' থেকে যে কোনো দুটি প্রবচনের উল্লেখ করো।

(গ) ''নিতে নিতে ষিআলা ষিহে ষম জুঝঅ।''

'ষিআলা' ও 'ষিহে' শব্দ দুটির আক্ষরিক অর্থ লেখো।

(ঘ) ''আয়িলা দেবের সুমতি শুণী।''

কে দেবতাগণের মন্ত্রণা শুনে, কোথায় এসে উপস্থিত হয়েছিলেন?

(ঙ) ''অতি মহাবল সেসি তোক্ষার যম।''

এখানে বক্তা কে? 'মহাবল' বলতে তিনি কাকে বুঝিয়েছেন?

(চ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে মর্ত্যধামে রাধার পিতা ও মাতার নাম কী ছিল?

Anandaram Dhekial Phookan College Library * Nagaon : Assam * Acc. No. Date





(ছ) ''যত নিবারিতে চাই নিবার না যায় রে।''

এই পদটিতে অনিচ্ছা সত্ত্বেও রাধার রসনা কার নাম নেয় ও নাসিকা কার গন্ধ পায়?

(জ) ''এ ঘোর রজনী মেঘের ঘটা
কেমনে আইল বাটে।''

চণ্ডীদাসের এই পদটিতে 'বঁধুয়া' কে? তিনি কোথায় এসে উপস্থিত হয়েছেন?

(ঝ) ''মত্ত দাদুরী ডাকে ডাহুকী
ফাটি যাওত ছাতিয়া।''

পংক্তি দুটি কোন্ বৈষ্ণব পদকর্তার পদে রয়েছে? পদটি কোন্ পর্যায়ের অন্তর্ভুক্ত?

(ঞ) ''নগর বাহিরে ডোম্বি তোহোরি কুড়িআ''

এই পদটির অন্তর্ভুক্ত 'কুড়িআ' শব্দটির আক্ষরিক অর্থ লেখো। বৌদ্ধদর্শন মতে 'কুড়িআ' কী?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) ''সোণ রুঅ মোর কিম্পি ণ থাকিউ।'
নিঅ পরিবারে মহাসুহে থাকিউ।।
চউ কোড়ি ভণ্ডার মোর লইআ সেস।
জীবন্তে মইলেঁ নাহি বিশেষ।।''

উদ্ধৃতাংশের তাৎপর্য লেখো।

(খ) শবরীপাদের সংক্ষিপ্ত পরিচয় দাও।

Anandaram Dhekial Phookan College Library * Nagaon : Assam * Acc. No. Date

(গ) "অপণা মাংসেঁ হরিণা বৈরী।
খনহ ন ছাড়অ ভুসুকু অহেরী।।"

উদ্ধৃতাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো।

(ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'জন্মখণ্ড' অংশে বর্ণিত কংস চরিত্রের পরিচয় দাও।

(ঙ) বসুদেব শ্রীকৃষ্ণকে কীভাবে নন্দালয়ে রেখে এসেছিলেন 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যগ্রন্থের 'জন্মখণ্ড' অবলম্বনে সপ্রসঙ্গ বিষয়টি বুঝিয়ে লেখো।

(চ) "ধিক রহু এ ছার ইন্দ্রিয় মোর সব।
সদা সে কালিয়া কানু হয় অনুভব।।"

উদ্ধৃতাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা দাও।

(ছ) "সিন্ধু নিকটে যদি কণ্ঠ শুকায়ব
কো দূর করব পিয়াসা।।"

কোন্ প্রসঙ্গে, কেন পদকর্তা উক্তিটি করেছেন, বুঝিয়ে লেখো।

(জ) বৈষ্ণব পদকর্তা চণ্ডীদাসের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৪। (ক) "উঁচা উঁচা পাবত তহিঁ বসই সবরী বালী।"

পদটির বাচ্যার্থ বর্ণনা করে এর কাব্যমূল্য বিচার করো। ৪+৬=১০

Anandaram Dhekial Phookan College Library
Acc. No.
Date
* Nagaon : Assam *





*অথবা*

(খ) ঢেণ্ঢণপাদের কবি-পরিচিতি আলোচনা করো। প্রসঙ্গক্রমে তোমার পঠিত পদ অবলম্বনে তাঁর কাব্য-কৃতিত্বের পরিচয় দাও। ৪+৬=১০

*অথবা*

(গ) 'চর্যাপদ'গুলির মধ্যে সাধারণভাবে পদকারদের সাধনভাবের যে পরিচয় পাওয়া যায় তা তোমার পাঠ্য পদগুলি অবলম্বনে আলোচনা করো। ১০

৫। (ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যগ্রন্থের 'জন্মখণ্ড'-এর কাহিনিতে নারদের ভূমিকা নির্ণয় করো। ১০

*অথবা*

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যগ্রন্থের 'জন্মখণ্ড' অবলম্বনে শ্রীকৃষ্ণের আবির্ভাবের কারণ লেখো। প্রসঙ্গক্রমে শ্রীকৃষ্ণের দেহ-সৌন্দর্যের বর্ণনা দাও। ৩+৭=১০

৬। (ক) মাথুর বলতে কী বোঝ? এই পর্যায়ের পদ রচনায় বিদ্যাপতির কৃতিত্ব তোমার পঠিত বিদ্যাপতির পদ অবলম্বনে বুঝিয়ে লেখো। ৪+৬=১০

*অথবা*

(খ) চণ্ডীদাসের "সই কেবা শুনাইলে শ্যাম নাম" পদটির কাব্যসৌন্দর্য বিচার করো। ১০

Anandaram Dhekial Phookan College Library
Acc. No.
Date
* Nagaon : Assam *

*অথবা*

(গ) তোমার পঠিত বিদ্যাপতি ও চণ্ডীদাসের বৈষ্ণব পদ অবলম্বনে উভয়ের কাব্যপ্রতিভার একটি তুলনামূলক আলোচনা প্রস্তুত করো। ১০

৭। (ক) 'সন্ধ্যাভাষা' বলতে কী বোঝ? তোমার পঠিত 'চর্যাপদ'গুলিতে সন্ধ্যাভাষার যে পরিচয় পাওয়া যায় উদাহরণসহ তা লিপিবদ্ধ করো। ২+৮=১০

*অথবা*

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যগ্রন্থের 'জন্মখণ্ড' অংশের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

★★★

Anandaram Dhekial Phookan College Library
Acc. No. ..........
Date..........